



সনাতন সত্যের সন্ধানে আমরা

হোম বাংলাদেশ ▾ অন্যদেশ ধর্মীয় পোস্ট ▾ সংগঠন সংবাদ ▾ ধর্মীয় আলোচনা পূজা-পার্বন রাশিফল বিজ্ঞাপন ভিডিও ▾

Home > পূজা-পার্বন > বগুড়ায় নানান আয়োজনে জন্মাষ্টমী পালিত

পূজা-পার্বন

## বগুড়ায় নানান আয়োজনে জন্মাষ্টমী পালিত

🕒 August 30, 2021

আমাদের সোশ্যাল মিডিয়া



আপনার যে কোন ডিজাইনের কাজে



লগো, টিশার্ট, প্যাকেট, ব্যানার, ভি  
সাইট তৈরি ইত্যাদি কাজে আমরা

ADD

আমাদের ফেসবুক পেইজ

**বগুড়া প্রতিনিধি :** বগুড়ায় হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের নানান আয়োজনে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালিত হয়েছে। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু হয়। ৩০ আগস্ট সোমবার বেলা ১২ টায় শহরের নববন্দাবন হরি বাসর মন্দিরে দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ প্রার্থনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম বগুড়া জেলার সহকারী প্রকল্প পরিচালক সত্যজিৎ প্রামাণিক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জিয়াউল হক জেলা প্রশাসক বগুড়া, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুদীপ কুমার চক্রবর্তী পুলিশ সুপার বগুড়া, উজ্জ্বল কুমার ঘোষ, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব, শ্যামপদ মুস্তফী প্রধান শিক্ষক বগুড়া জিলা স্কুল, এন সি বাড়ই সভাপতি হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, দিলীপ কুমার দেব সভাপতি বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ জেলা শাখা, সাগর কুমার রায় সাধারণ সম্পাদক পূজা উদযাপন পরিষদ, নিরঞ্জন সিংহ রায় সাধারণ সম্পাদক হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ।

এছাড়াও উপস্থিত ছিলেন নববন্দাবন মন্দির কমিটির নেতৃবৃন্দ, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ, পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের নেতৃবৃন্দ। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র গীতা থেকে পাঠ করেন কেন্দ্র শিক্ষক রিমু সাহা।

সমবেত প্রার্থনা পরিচালনা করেন কেন্দ্র শিক্ষক জয়ন্ত চক্রবর্তী। এ অনুষ্ঠানে প্রায় ২শতাব্দীক ভক্ত বৃন্দ এর উপস্থিতিতে অত্যন্ত উৎসব মুখর পরিবেশ ও করোনার কারনে স্বাস্থ্য বিধির সমস্ত দিক মেনে অনুষ্ঠানটি আয়োজন করা হয়।

